

বাড়ির কাজ - ৩		
শ্রেণিঃ পঞ্চম	রোল নম্বরঃ	তারিখঃ
শিক্ষার্থীর নামঃ		
নির্দেশনাঃ “সুন্দরবনের প্রাণী” বর্ণনামূলক রচনাটি মনোযোগ সহকারে পড়ি ও অনুশীলনীর কাজগুলো আলাদা পৃষ্ঠায় লিখি।		

অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

অপার সম্ভার রয়েল ভয়ঙ্কর অমূল্য বিলুপ্তপ্রায়

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

অমূল্য অপার সম্ভার রয়েল ভয়ঙ্কর বিলুপ্তপ্রায়

ক. বাংলাদেশ সৌন্দর্যে ভরপুর।

খ. প্রকৃতির অপার সমুদ্রের নিচে রয়েছে।

গ. বাংলাদেশের নামের সঙ্গে জড়িয়ে আছে বেঙ্গল টাইগার।

ঘ. বাঘ দেখতে যেমন সুন্দর তেমনি আবার।

ঙ. রয়েল বেঙ্গল টাইগার বাংলাদেশের সম্পদ।

চ. শকুন বাংলাদেশে এখন পাখি।

৩. কথাগুলো বুঝে নিই।

অস্ট্রেলিয়া	এশিয়া, ইউরোপ ও আফ্রিকার মতো একটি মহাদেশ।
ক্যাঙ্গারু	একমাত্র অস্ট্রেলিয়াতেই পাওয়া যায় এমন একটি প্রাণী। এদের চারটি পা, কিন্তু পেছনের দু-পা বড় আর সামনের দু-পা ছোট। এর ফলে অন্যান্য চতুষ্পদ প্রাণীর মতো এরা হাঁটাচলা করতে পারে না, পেছনের দু-পায়ে ভর দিয়ে লাফিয়ে লাফিয়ে চলে। ক্যাঙ্গারু তার বুকুর নিচে একটা থলিতে বাচ্চা রাখে।
চিতাবাঘ	এক প্রকার বাঘ। অন্য বাঘের সঙ্গে চিতাবাঘের পার্থক্য। চিতাবাঘ অন্যান্য বাঘের চেয়ে দ্রুত দৌড়াতে পারে ও গাছে উঠতে পারে।
গন্ডার	কালো ও ধূসর রঙের চতুষ্পদ প্রাণী, উচ্চতায় ও লম্বায় গরুর আকারের। এদের নাকের ওপরে শিং থাকে।

৪. নিচের প্রশ্নগুলোর উত্তর বলি ও লিখি।

- ক. ক্যাঙ্গারু ও সিংহ বললেই কোন কোন দেশের কথা মনে হয়?
 খ. বিভিন্ন ধরনের বাঘ সম্পর্কে তুমি যা জান লেখ।
 গ. দেশের জন্য পশুপাখি, জীবজন্তু কী উপকার করে তা নিজের ভাষায় লেখ।
 ঘ. শকুন কীভাবে মানুষের উপকার করে?
 ঙ. পশুপাখি জীবজন্তু না থাকলে প্রকৃতির কী বিপর্যয় ঘটবে বলে তোমার মনে হয়?

৫. নিচের বাক্য দুটি পড়ি।

মানুষের পক্ষে যা ক্ষতিকর সেইসব আবর্জনা শকুন খেয়ে ফেলে। সে সত্যিকার অর্থে মানুষের উপকার ছাড়া অপকার করে না।
 উপরের বাক্য দুটিতে অনেক শব্দ ব্যবহৃত হয়েছে। বাক্যে ব্যবহৃত প্রতিটি শব্দই এক-একটি পদ :

- শকুন বিশেষ্য পদ
 ক্ষতিকর বিশেষণ পদ
 সে সর্বনাম পদ
 খায় ক্রিয়া পদ
 ছাড়া অব্যয় পদ

পদ পাঁচ প্রকার: বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া, অব্যয়।

নিচের বাক্যগুলোতে কী কী পদ আছে তা লেখ।

সুন্দরবনে বাঘ ছাড়াও আছে নানা রকমের হরিণ। কোনোটার বড় বড় শিং, কোনোটার গায়ে ফোঁটা ফোঁটা সাদা দাগ। এদের বলে চিত্রা হরিণ।

৬. নিচের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশের যেকোনো একটি প্রাণী সম্পর্কে রচনা লিখি।

- ক. আকৃতি –
 খ. রং –
 গ. কোথায় দেখা যায় –
 ঘ. আবাসস্থল –
 ঙ. খাদ্যাভ্যাস –

৭. ঠিক উত্তরটিতে টিক (✓) চিহ্ন দিই।

ক. ক্যাঙ্গারু বললেই মনে পড়ে যে দেশের কথা—

- | | |
|-----------------|-------------|
| ১. ভারত | ২. বাংলাদেশ |
| ৩. অস্ট্রেলিয়া | ৪. আফ্রিকা |

খ. আফ্রিকার কথা উঠলে কোন প্রাণীর কথা মনে হয়?

- | | |
|---------|---------|
| ১. সিংহ | ২. হাতি |
| ৩. বাঘ | ৪. উট |

গ. বাংলাদেশের কোন জঙ্গলে হাতি দেখতে পাওয়া যায়?

- | | |
|---------------------------|-----------------------|
| ১. সিলেট ও খুলনার | ২. ভাওয়াল ও মধুপুরের |
| ৩. রাঙামাটি ও বান্দরবানের | ৪. উপরের সবখানে |

ঘ. কোন পাখি ক্ষতিকর আবর্জনা খেয়ে পরিবেশ পরিচ্ছন্ন রাখে?

- | | |
|--------|---------|
| ১. ঈগল | ২. শকুন |
| ৩. ঢিল | ৪. কাক |

ঙ. কোন প্রাণীর গায়ে ফোঁটা ফোঁটা সাদা দাগ ও বড় শিং আছে?

- | | |
|-------------|----------------|
| ১. চিতা বাঘ | ২. চিত্রা হরিণ |
| ৩. ভালুক | ৪. গঁড় |

৮. কর্ম-অনুশীলন।

আমি এমন প্রাণীদের একটি তালিকা তৈরি করি— যাদের নাম শুনেছি, কিন্তু চোখে দেখিনি।
পরে শ্রেণির সবার সাথে তা মিলিয়ে দেখি।